



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৬.২০২০/১৬১৭/১

তারিখ : ২৫/১১/২০২০ খ্রি:

বিষয় : ঢাকা মহানগরীর সলিমুল্লাহ কলেজের প্রভাষকদের জ্যেষ্ঠতার ক্রম ও সহকারী অধ্যাপকের প্রাপ্যতা নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সলিমুল্লাহ কলেজের ০৫ জন প্রভাষকদের সিনিয়রিটির ক্রম সংক্রান্ত বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত বাস্তবায়নে সমস্যা দেখা দেওয়ায় বিষয়টির বিধি সম্মত সিদ্ধান্ত পাওয়ার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। আবেদনকৃত ৫ জনের তথ্য নিম্নরূপ :

| ক্রমিক | শিক্ষকের নাম | এডহক যোগদান | নিয়মিত যোগদান | এমপিওভুক্তির তারিখ | ইনডেক্স নম্বর |
|--------|-----------------------------|-------------|----------------|--------------------|---------------|
| ১ | কানিজ নাসরিন | - | ৬/১১/৯৪ | ৬/১১/৯৪ | ৪০৭৪৫১ |
| ২ | বিভাস চন্দ্র সাহা | ০১/০৯/৯৪ | ০৮/০৪/৯৫ | ০১/০৯/৯৪ | ৪০৯২৫৩ |
| ৩ | সাজেদা পারভীন চৌধুরী | ২৪/১০/৯৪ | ০৯/০৪/৯৫ | ২৪/১০/৯৪ | ৪০৯২৫০ |
| ৪ | মুহাম্মদ সাইদুল হক তালুকদার | ০১/১১/৯৪ | ০৮/০৪/৯৫ | ০১/১১/৯৪ | ৪০৯২৫১ |
| ৫ | মোহাম্মদ আব্দুছ ছবুর গাজী | ০৫/১১/৯৪ | ০৯/০৪/৯৫ | ০৫/১১/৯৪ | ৪০৯২৪৯ |

প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্যে দেখা যায় ১ নং ক্রমিকে নিয়োগকৃত জনাব কানিজ নাসরিন নিয়মিত যোগদানের তারিখ থেকে এম.পি.ও ভুক্ত। অন্যদিকে ২-৫ নং ক্রমিকে বর্ণিত ৪ জন শিক্ষক নিয়মিত যোগদানের পূর্বেই এডহক নিয়োগের তারিখ থেকে এম.পি.ও ভুক্ত হয়েছে। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ৫ জন শিক্ষকের জ্যেষ্ঠতার ক্রম ও সহকারী অধ্যাপকের প্রাপ্যতা বিষয়ে মতামত প্রদানের জন্য জনাব মো: আশেকুল হক, সহকারী পরিচালক(এইচ.আর.এম), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যমান জনবল কাঠামো মোতাবেক জ্যেষ্ঠতার ক্রম ও সহকারী অধ্যাপকের প্রাপ্যতার বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(Signature)
25.11.2020
(মো: আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন : ৯৫৫৬০৫৭

Email : ncollege@dshe.gov.bd

(Signature)

জনাব মো: আশেকুল হক

সহকারী পরিচালক(এইচ.আর.এম)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা।

বিতরণ :

- ১। সভাপতি, গভর্নিং বডি, সলিমুল্লাহ কলেজ, ওয়ারী, ঢাকা;
- ২। অধ্যক্ষ, সলিমুল্লাহ কলেজ, ওয়ারী, ঢাকা;
- ৩। সংরক্ষণ নথি।